বিশ্ব নাগরিকত্ব শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ ম্যানুয়াল

[Global Citizenship Education (GCED) Manual (Training Guidelines)]

নভেম্বর, ২০২৪

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ

কারিগরি সহায়তায়:

UNESCO
unesco
Centre
Under the auspices
of UNESCO

APCEIU
Asia-Pacific Centre of
Education for
International Understanding
유네스코 아시아태평양 국제이해교육원

প্রধান উপদেষ্টা [Chief Adviser]

মোছাঃ নূরজাহান খাতুন, অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সমন্বয়ক [Co-ordination]

প্রফেসর ড. এ. কে. এম রিয়াজুল হাসান, চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

মোঃ আসাদুজ্জামান, যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রফেসর মোঃ গোলাম মোস্তফা, উর্ধ্বতন বিশেষজ্ঞ, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

শিরীন আক্তার, প্রোগ্রাম (শিক্ষা), ইউনিস্কো, ঢাকা অফিস, বাংলাদেশ

প্রণয়ন ও সম্পাদনা [Development]

মোঃ দুলাল মিয়া, শিক্ষা অফিসার, প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মাহবুবুর রহমান, সহকারী বিশেষজ্ঞ, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

প্রকাশকাল [Published Year]

নভেম্বর, ২০২৪

সূচিপত্র

ক্রমিক নং	অধিবেশন শিরোনাম	পৃষ্ঠা
১.	রেজিস্ট্রেশন, উদ্বোধন এবং প্রশিক্ষণ পরিচিতি	
২.	বিশ্ব নাগরিকত্ব শিক্ষা	
৩.	বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিম	
৪.	পাঠ্যপুস্তক ও বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিমসমূহ অন্তর্ভূক্ততা	
৫.	বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ম্যাপিং রিপোর্ট	
৬.	শিখন শেখানো কার্যক্রমে বিশ্ব নাগরিকত্ব শিক্ষার বিষয়সমূহ অন্তর্ভূক্তকরণ	
৭.	মাইক্রো টিচিং	
৮.	মুক্ত আলোচনা এবং সমাপনী	

অধিবেশন পরিকল্পনা

<table>
<tr><th>দিন</th><th>০৯:০০ - ০৯:৩০</th><th>০৯:৩০ - ১১:০০</th><th>১১:০০ – ১১:৩০</th><th>১১:৩০ - ০১:০০</th><th>০১:০০ - ০২:১৫</th><th>০২:১৫- ০৩:৪৫</th><th>০৩:৪৫ - ০৪:০০</th><th>০৪:০০ - ০৫.০০</th></tr>
<tr><td rowspan="2">দিন-১</td><td colspan="2" rowspan="2">রেজিস্ট্রেশন, উদ্বোধন এবং প্রশিক্ষণ পরিচিতি</td><td rowspan="3">চা বিরতি</td><td>বিশ্ব নাগরিকত্ব শিক্ষা</td><td rowspan="3">মধ্যাহ্ন বিরতি</td><td>বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিম</td><td rowspan="3">চা বিরতি</td><td>পাঠ্যপুস্তক ও বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিমসমূহ অন্তর্ভূক্ততা</td></tr>
<tr><td rowspan="2">শিখন শেখানো কার্যক্রমে বিশ্ব নাগরিকত্ব শিক্ষার বিষয়সমূহ অন্তর্ভূক্তকরণ</td><td rowspan="2">মাইক্রো টিচিং</td><td rowspan="2">মুক্ত আলোচনা এবং সমাপনী</td></tr>
<tr><td>দিন-২</td><td>রিক্যাপ</td><td>বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ম্যাপিং রিপোর্ট</td></tr>
</table>

অধিবেশন-১	প্রশিক্ষণ এবং প্রশিক্ষণার্থী পরিচিতি

শিখনফল: এই অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-

ক. প্রশিক্ষণার্থীগণ পরিচয় প্রদানের মাধ্যমে জড়তামুক্ত প্রশিক্ষণ পরিবেশ সৃষ্টি করতে পারবেন;
খ. প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অবশ্য প্রতিপালনীয় নিয়মাবলি নির্ধারণ করতে পারবেন;
গ. প্রশিক্ষণের প্রত্যাশা ব্যক্ত করতে পারবেন;
ঘ. প্রশিক্ষণের উদ্দেশ্য বলতে পারবেন।

সময়: ১ ঘন্টা ৩০ মিনিট

পদ্ধতি ও কৌশল: একক কাজ, প্রশ্নোত্তর, আলোচনা, প্রদর্শন

উপকরণ: ভিপ কার্ড, ভিডিও, মাল্টিমিডিয়া, পিপিটি, হ্যান্ড আউট

অংশ-ক	রেজিস্ট্রেশন ও উদ্বোধন	সময়- ৩০ মিনিট

১. অংশগ্রহণকারীগণের সাথে কুশল বিনিময়ের মাধ্যমে অধিবেশন শুরু করুন। রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় শীট বা রেজিস্ট্রেশন খাতা প্রদান করুন। সবাইকে স্বল্প সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে বলুন।
২. উদ্বোধন কার্যক্রম শুরু করুন। অতিথিগণের বক্তৃতা পর্ব শেষ করুন।
৩. এরপর প্রধান অতিথির আলোচনা/বক্তৃতা শেষে উদ্বোধন করতে বলুন।

অংশ-খ	পরিচিতি	সময়- ২০ মিনিট

১. প্রত্যেক অংশগ্রহণকারীকে তাদের নিজেদের মধ্যে পরিচিত হবেন। আইস ব্রেকিং-এর জন্য প্রশিক্ষক যেকোনো একটা পদ্ধতি ব্যবহার করতে পারেন। যেমন, **পরিচয় সংগ্রহকরণ প্রতিযোগিতা**।

- প্রতিযোগিতার নিয়মাবলি:
  - এই প্রতিযোগিতার মাধ্যমে একজন প্রশিক্ষণার্থী যত বেশি সংখ্যক প্রশিক্ষণার্থীর তথ্য সংগ্রহ করতে পারবেন তিনি বিজয়ী হবে।
  - সময় ৫ মিনিট
  - কি কি তথ্য সংগ্রহ করবে (নাম, পদবী, কর্মস্থল, শিক্ষা, পরিবার, পছন্দ, নিজের একট গুনের নাম)
  - একজনের তথ্য একজনই নিতে পারবে।
  - যার তথ্য কেউ নিয়েছে, সে আর অন্য কাউকে তথ্য দিতে পারবে না।

২. এবার তাদের জিজ্ঞেস করুন কে সবচেয়ে বেশি তথ্য সংগ্রহ করতে পেরেছে। যে বেশি সংখ্যক তথ্য সংগ্রহ করতে পেরেছে সে এক এক করে পরিচয় উপস্থাপন করবেন। যার পরিচয় উপস্থাপন করবেন তাকে সামনে ডেকে পাশে দাঁড়াতে বলবেন। এরপর ক্রমান্বয়ে অন্য তথ্য সংগ্রহকারীগণ তাদের পরিচয় দিবেন। সবশেষে কেউ বাদ পড়লে তার পরিচয় প্রশিক্ষক তাকে সামনে ডেকে এনে পরিচয় করিয়ে দিবেন।
৩. এভাবে সবার পরিচয় প্রদান শেষ হলে সবাইকে ধন্যবাদ জানিয়ে পরিচয় পর্ব শেষ করুন।

অংশ-গ	প্রশিক্ষণকক্ষে পালনীয় নিয়মাবলী নির্ধারণ	সময়- ১০ মিনিট

১. প্রশিক্ষণার্থীদের প্রত্যেককে যার যার খাতায় বা নোটবুকে প্রশিক্ষণকক্ষে পালনীয় ২টি করে নিয়মাবলি লিখতে বলুন।
২. লেখা শেষ হলে একজন একজন করে বলতে বলুন। একজন প্রশিক্ষণার্থীকে একটি একটি করে বোর্ডে লিখতে বলুন। কোনো লেখার পুনরাবৃত্তি হলে সেটা এড়িয়ে যেতে বলুন।
৩. একজন প্রশিক্ষণার্থীকে বিরতির সময় বা কোন সুবিধাজনক সময়ে নিয়মাবলী পোস্টারে লিখে প্রশিক্ষণকক্ষের দেয়ালে টাঙ্গিয়ে রাখার নির্দেশনা দিন।

অংশ-ঘ	প্রশিক্ষণার্থীদের প্রত্যাশা	সময়- ১৫ মিনিট

১। প্রশিক্ষণার্থীদের প্রত্যেককে একটি করে ভিপ কার্ড বিতরণ করুন।
২। এই প্রশিক্ষণ থেকে তারা কী কী শিক্ষণীয় বিষয় প্রত্যাশা করেন তা ভিপ কার্ডে লিখতে বলুন। প্রত্যাশাগুলো ৩C অনুসরণ করে লিখতে বলুন। (C- Clear, C- Concise, C- Concrete)
৩। কার্ডগুলো সংগ্রহ করুন।
৪। এবার কার্ডগুলো একটি একটি করে পড়ে শোনান এবং বোর্ডে পিন দিয়ে আটকে দিন।
৫। একই ধরনের প্রত্যাশা একাধিকবার উল্লেখ করা হলে সেগুলোকে আলাদা করে রাখুন।

এই প্রত্যাশাগুলো যাতে পূরণ করা সম্ভব হয় সেদিকে লক্ষ্য রাখুন এবং প্রশিক্ষণের শেষে সেশনে এই প্রত্যাশাগুলো পূরণ হয়েছে কিনা তা পুনরালোচনা করুন। মনে রাখবেন, অংশগ্রহণকারীগণ এমন কিছু প্রত্যাশা উল্লেখ করতে পারেন যেগুলো এই প্রশিক্ষণে পরণ করা সম্ভব নয়। সেগলো ভবিষ্যতের জন্য সপারিশ হিসেবে রাখা যেতে পারে।

অংশ-ঙ	প্রশিক্ষণের উদ্দেশ্য	সময়- ১০ মিনিট

- প্রশিক্ষক এই প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ মাল্টিমিডিয়ায় প্রদর্শন করবেন। একটা একটা করে উদ্দেশ্য প্রদর্শন করে **(সহায়ক তথ্য)** সেটা বিস্তারিত ব্যাখ্যা করবেন। অংশগ্রহণকারীদেরও মতামত দেওয়ার সুযোগ প্রদান করুন।

অংশ-চ	সার-সংক্ষেপকরণ এবং সমাপ্তি	সময়- ০৫ মিনিট

১. প্রশিক্ষণের প্রথম সেশনের একটি করে উল্লেখযোগ্য দিক অংশগ্রহণকারীদের তুলে ধরতে বলুন।
২. কয়েকজনের উত্তর শুনুন এবং সারসংক্ষেপ করে অধিবেশন সমাপ্ত করুন।

সহায়ক তথ্য	অধিবেশন-১: প্রশিক্ষণ এবং প্রশিক্ষণার্থী পরিচিতি

প্রশিক্ষণকক্ষে পালনীয় নিয়মাবলী

১. **সময়নিষ্ঠ হওয়া**: নির্ধারিত সময়ে উপস্থিত থাকা বাধ্যতামূলক। দেরি না করে প্রশিক্ষণকক্ষে প্রবেশ করা।
২. **পোশাক পরিচ্ছন্নতা**: প্রশিক্ষণকক্ষে শালীন ও পরিপাটি পোশাক পরিধান করা।
৩. **মোবাইল ব্যবহার**: প্রশিক্ষণের সময় মোবাইল ফোন সাইলেন্ট মোডে রাখা। জরুরি প্রয়োজন ছাড়া মোবাইল ব্যবহার না করা।
৪. **নিরবতা বজায় রাখা**: প্রশিক্ষণ চলাকালীন অপ্রয়োজনীয় কথা না বলা এবং নিরবতা বজায় রাখা আবশ্যক।
৫. **শ্রদ্ধাশীল আচরণ**: প্রশিক্ষক ও সহকর্মীদের সাথে সদাচরণ ও শ্রদ্ধাশীল আচরণ করা।
৬. **মনোযোগ সহকারে শ্রবণ**: প্রশিক্ষক যা বলছেন তা মনোযোগ দিয়ে শুনা এবং গুরুত্বপূর্ণ বিষয়াবলি নোট করে রাখা।
৭. **প্রশ্ন করা ও অংশগ্রহণ করা**: প্রশিক্ষণ প্রক্রিয়ার অংশ হিসাবে প্রশ্ন করা এবং সক্রিয় অংশগ্রহণ করা।
৮. **পরিচ্ছন্নতা বজায় রাখা**: প্রশিক্ষণকক্ষ এবং আশেপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
৯. **নির্দেশ মেনে চলা**: প্রশিক্ষণকক্ষের সকল নিয়ম-কানুন এবং প্রশিক্ষকের নির্দেশ মেনে চলা বাধ্যতামূলক।
১০. **সহযোগিতাপূর্ণ মনোভাব**: সহকর্মীদের সহযোগিতা করা এবং দলগত কাজের ক্ষেত্রে সমন্বিতভাবে কাজ করা।

এই নিয়মগুলো অনুসরণ করে প্রশিক্ষণকক্ষে একটি শৃঙ্খলাপূর্ণ এবং শিক্ষণীয় পরিবেশ তৈরি করা সম্ভব।

প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ:

১. বিশ্ব নাগরিকত্ব শিক্ষা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান;
২. পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর সাথে বিশ্ব নাগরিকত্ব শিক্ষার সম্পৃক্তকরণ কৌশল চিহ্নিতকরণ;
৩. শিখন-শেখানো কার্যাবলীতে বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ধারণার প্রয়োগ অনুশীলন;
৪. শিক্ষার্থীদের বিশ্ব নাগরিকত্ব তৈরিতে শিক্ষকগণের সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা প্রদান।

অধিবেশন-২	বিশ্ব নাগরিকত্ব শিক্ষা

শিখনফল: এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-

ক) GCED এর ধারণা ব্যাখ্যা করতে পারবেন;
খ) GCED এর বিষয়বস্তু বর্ণনা করতে পারবেন;
গ) GCED সম্পর্কিত বিশ্ব সমস্যা, চ্যালেঞ্জ এবং সমাধান সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন;
ঘ) GCED এর গুরুত্ব চিহ্নিত করতে পারবেন।

সময়: ১.৩০ ঘণ্টা
পদ্ধতি ও কৌশল: প্রশ্নোত্তর, দলগত কাজ, আলোচনা ও প্রদর্শন
উপকরণ: পিপিটি, হ্যান্ডআউট, ভিডিও ক্লিপ, পোস্টার পেপার, মার্কার, মার্কার বোর্ড ও পুশপিন বোর্ড

অংশ-ক	GCED এর ধারণা ও বিষয়বস্তু	সময়- ২৫ মিনিট

১. স্বাগত জানিয়ে অধিবেশন শুরু করুন। পূর্ববর্তী সেশনে প্রশিক্ষণার্থীদের কাছ থেকে প্রাপ্ত প্রত্যাশা হতে কয়েকটি প্রত্যাশা পাওয়ার পয়েন্ট স্লাইডে দেখান। (যেগুলো GCED এর বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পৃক্ত) এবার সকলের উদ্দেশ্যে বলুন, চলুন আপনাদের এই প্রত্যাশার আলোকে আমরা GCED এর বিষয়বস্তুগুলো আলোচনা করি।

১. GCED কী? GCED এর বিষয়বস্তুসমূহ কী?

২. পয়েন্ট আঁকারে বোর্ডে লিখুন।
৩. **সহায়ক তথ্যপত্র (অংশ-ক)** এর আলোকে পাওয়ার পয়েন্টে স্লাইড তৈরি করে সকলের ধারণা স্পষ্ট করুন। এক্ষেত্রে GCED এর প্রধান বিষয়বস্তু: পরিবেশ, সাংকৃতিক বৈচিত্র্য, শান্তি, মানবাধিকার, টেকসই উন্নয়ন ইত্যাদি। প্রতিটি বিষয়ের সংক্ষিপ্ত বর্ণনা ও এর প্রাসঙ্গিকতা বোঝাতে সংশ্লিষ্ট কিছু ছবি বা ভিডিও স্লাইডে প্রদর্শন করুন।

অংশ-খ	GCED সম্পর্কিত বিশ্ব সমস্যা, চ্যালেঞ্জ এবং সমাধান	সময়- ৩৫ মিনিট

১. প্রশিক্ষণার্থীদের ৫টি দলে ভাগ করুন। প্রত্যেক দলকে সহায়ক তথ্য ০২ (অংশ-খ) এর (বিশ্ব সমস্যা ও চ্যালেঞ্জ) ফটোকপি সরবরাহ করুন। এক্ষেত্রে সমাধান অংশটি আপনার কাছে রাখুন। দলে আলোচনা করে খাতায় নোট রাখতে বলুন এবং সমস্যা ও চ্যালেঞ্জের বিপরীতে সম্ভাব্য সমাধান কী কী হতে পারে তার একটি দলীয় উপস্থাপনা তৈরি করতে বলুন।
২. দৈবচয়নের মাধ্যমে নির্বাচিত একটি দলের কাজ উপস্থাপন করতে বলুন এবং অন্য তিনটি দলকে মিলিয়ে নিতে বলুন।
৩. এবার সহায়ক তথ্য ০২ (অংশ-খ) এর (সমাধান) অংশটির তথ্য সংবলিত পাওয়ার পয়েন্ট স্লাইডটি (পূর্বেই তৈরিকৃত) প্রদর্শন করুন এবং উপস্থাপনের সময় প্রশ্নোত্তরের মাধ্যমে ধারণা মিলিয়ে নিতে বলুন এবং কোথাও অস্পষ্টতা থাকলে তা স্পষ্ট করুন।

অংশ-গ	GCED এর গুরুত্ব	সময়- ২৫ মিনিট

১. সরবরাহকৃত লিংক থেকে ভিডিওটি প্রদর্শন করুন।
২. অংশগ্রহণকারীদের মতামত নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন।
৩. এবার ভিডিওর আলোকে GCED কেন গুরুত্বপূর্ণ তা সহায়ক তথ্য ০২ (অংশ-খ) এর সহায়তা নিয়ে ব্যাখ্যা করুন।
৪. GCED এর উদ্দেশ্য, বিশ্ব নাগরিকত্ব কীভাবে স্থানীয় এবং বিশ্ব সমস্যা সমাধানে সহায়ক হতে পারে তা আলোচনা করুন। (এ সম্পর্কে একটি স্লাইড যুক্ত করতে পারেন)

অংশ-ঘ	সার-সংক্ষেপকরণ এবং সমাপ্তি	সময়- ০৫ মিনিট

১. অধিবেশন সম্পর্কে প্রশিক্ষর্ণাথীগণের কাছ থেকে প্রতিক্রিয়া জানুন এবং আলোচিত বিষয়গুলোর সাথে অধিবেশনের শিখনফলসমূহ মিলিয়ে দেখুন।
২. সবশেষে ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

সহায়ক তথ্য	অধিবেশন-২: বিশ্ব নাগরিকত্ব শিক্ষা

অংশ-ক: GCED এর ধারণা ও বিষয়বস্তু

বিশ্ব নাগরিকত্ব শিক্ষা/Global Citizenship Education (GCED)

'শিক্ষা আমাদেরকে এমন একটি গভীর উপলব্ধিতে উপনীত করে যে, আমরা যেন সবাই একে অপরের সাথে সম্পৃক্ত একটি বিশ্ব সম্প্রদায় এবং আমাদের চ্যালেঞ্জগুলোও পরাপের সংযুক্ত।"

- বান কি মুন, জাতিসংঘের মহাসচিব

বিশ্ব নাগরিকত্ব শিক্ষা একটি ক্রম বিকাশমান ধারণা। বিশ্ব প্রেক্ষাপটে 'নাগরিকত্ব-এর ধারণা অতীতেও রাষ্ট্রীয় সীমারেখা অতিক্রম করেছে কিন্তু বিশ্ব পটভূমিকার পরিবর্তনের সাথে আন্তর্জাতিক চুক্তি, আন্তর্জাতিক বাণিজ্যিক সংস্থা, আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা ইত্যাদির কর্মকান্ড ও তৎপরতার ফলে ক্রমশ তা বিশ্বজনীন হয়ে উঠছে।

'বিশ্ব নাগরিকত্ব' ধারণাটি একটি বিশাল সম্প্রদায় ও মানবিক ভাবধারার উপর প্রতিষ্ঠিত। এ ধারণা পারস্পরিক রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক নির্ভরশীলতা ও আন্তঃসম্পর্ককে প্রাধান্য দেয়, যা একই সাথে আঞ্চলিক জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে প্রযোজ্য।

বিশ্ব নাগরিকত্ব শিক্ষা হলো বিশ্বব্যাপী সমস্যা এবং চ্যালেঞ্জ সম্পর্কে মানুষকে সচেতনতা বৃদ্ধি করে সমস্যা সমাধানে অবদান রাখার জন্য প্রস্তুত করা যা মানুষকে বিশ্বব্যাপী ন্যায়বিচার, সাম্য এবং টেকসই স্থায়িত্বের জন্য কাজ করতে উৎসাহিত করে। (UNESCO, ২০১৫, p. ৯)

ভিডিও লিংক:
১। https://www.youtube.com/watch?v=5rbiOGs4AOM
২। https://www.youtube.com/watch?v=uLeREqPKR08
এছাড়া ডিপিই এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বাংলা ভাষায় এই সম্পর্কিত ভিডিও আপলোড করা আছে।

বিশ্ব নাগরিকত্ব ক্রমবিকাশের সাথে সাথে বিশ্ব নাগরিকত্ব শিক্ষার উপরও গুরুত্ব বেড়েছে এবং এর শিক্ষানীতি, শিক্ষণ ও শিখন পাঠ্যক্রম চালু হচ্ছে। বিশ্ব নাগরিকত্ব শিক্ষা মূলত তিনটি মৌলিক ভাবধারার উপর প্রতিষ্ঠিত, যা বিভিন্ন সংজ্ঞা ও আলোচনায় একই রকম পরিলক্ষিত হয়। এই মৌলিক ধারণাচক্রে সাহিত্য পর্যালোচনা (Literature Review), ভাবগত কাঠামো পদ্ধতি ও শিক্ষানীতি এবং কারিগরি পরামর্শ ইত্যাদি ইউনেস্কোর সাম্প্রতিক কার্যাবলীতে বিশেষ অবদান রাখছে এবং তাতে বিশ্ব নাগরিকত্ব শিক্ষা ও তার লক্ষ্য, উদ্দেশ্য, যোগ্যতা, শিখনমান নিরুপণ পদ্ধতিতে প্রাধান্য পায়। মূল ভাবধারাগুল্যে তিনটি শিক্ষাক্ষেত্রের উপর প্রতিষ্ঠিতঃ

১। বুদ্ধিবৃত্তিক (Cognitive)
২। সামাজিক-আবেগীয় (Socio-emotional)
৩। আচরণগত (Behavioral)

এগুলো আন্তঃসম্পর্কিত এবং নিচে এ সম্পর্কে আলোচনা করা হল:

বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল ডোমেইন বা ক্ষেত্র

বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ডোমেইন বা ক্ষেত্র তিনটি:

বুদ্ধিবৃত্তিক (Cognitive)

জ্ঞান, বোঝাপড়া, বিশ্লেষণধর্মী চিন্তাশীলতা (Critical Thinking) চর্চা করা হয় যার মাধ্যমে স্থানীয়, আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক সমস্যাসমূহ আলোকপাত করা হয়।

- শিক্ষার্থীদের পৃথিবী ও তার জটিল কার্যপ্রণালী বুঝার মতো জ্ঞান ও চিন্তা ক্ষমতা থাকতে হবে।

সামাজিক-আবেগীয় (Socio-emotional)

মানবিকতা, মূল্যবোধ, দায়িত্বশীলতা, একাত্মতা এবং পরমতসহিষ্ণুতার চর্চা করা হয়।

- শিক্ষার্থীরা পারস্পরিক শ্রদ্ধাবোধ ও সম্প্রীতি বজায় রেখে একসাথে বসবাসের জন্য মূল্যবোধ আচরণ ও দক্ষতা অর্জন করবে যা তাদেরকে শারীরিক ও মানসিকভাবে গড়ে তুলবে।

আচরণগত (Behavioral)

কার্যকর ও দায়িত্বশীলভার সঙ্গে কীভাবে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শান্তি ও টেকসই উন্নয়নে কাজ করা যায় তার চর্চা করা হয়।

- শিক্ষার্থীরা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শান্তিপূর্ণ ও টেকসই বিশ্ব গড়ার জন্য দায়িত্বশীলভাবে চালচলন, কর্মদক্ষতা, বাস্তবে প্রয়োগ ও ব্যবহার করবে।

GCED এর প্রতিটি ডোমেইনের দুইটি করে শিখনফল রয়েছে।

১. বুদ্ধিবৃত্তিক (Cognitive)

১. শিক্ষার্থীরা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সমস্যা সম্বন্ধে অবগত হবে এবং বিভিন্ন দেশ ও জনগণের পারস্পরিক যোগাযোগ ও নির্ভরশীলতা সম্পর্কে জ্ঞানার্জন করবে।

২. শিক্ষার্থীরা জটিল ও বিশ্লেষণধর্মী দক্ষতা লাভ করবে।

২. সামাজিক-আবেগীয় (Socio-emotional)

১. শিক্ষার্থীদের মনুষ্যত্ববোধ জাগ্রত করতে উদ্যোগ নেওয়া হবে যাতে তাদের মধ্যে একে অপরের জন্য ত্যাগ ও দায়িত্বশীলতা তৈরি হয়।

২. শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সহমর্মিতা, সংহতি ও শ্রদ্ধাবোধ তৈরি হবে যাতে তারা বিভিন্নতা ও বৈচিত্র্যকে মেনে নেওয়ার মানসিকতা অর্জন করবে।

৩. আচরণগত (Behavioral)

১. শিক্ষার্থীরা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শান্তিপূর্ণ ও টেকসই বিশ্ব গড়ার জন্য কার্যকর ও দায়িত্বশীলভাবে কাজ করবে।

২. শিক্ষার্থীদের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ইচ্ছা ও প্রেষণা জন্মলাভ করবে।

GCED এর ডোমেইনভিত্তিক বৈশিষ্ট্য

প্রতিটি ডোমেইন এর কিছু বৈশিষ্ট্য রয়েছে।

১. বুদ্ধিবৃত্তিক (Cognitive)

তথ্যাভিজ্ঞ ও বিশ্লেষণধর্মী সাক্ষর (Informed and Critically Literate)

1. Know about local, national and global issues, governance systems and structures
2. Understand the interdependence and connections of global and local concerns
3. Develop skills for critical inquiry and analysis

২. সামাজিক-আবেগীয় (Socio-emotional)

সামাজিকভাবে সম্পৃক্ত ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল (Socially Connected and Respectful of Diversity)

1. Cultivate and manage identities, relationships and feelings of belongingness
2. Share values and responsibilities based on human rights
3. Develop attitudes to appreciate and respect differences and diversity

৩. আচরণগত (Behavioral)

নৈতিকভাবে দায়িত্বশীল এবং নৈতিক জীবনে অভ্যস্ত (Ethically Responsible and Engaged)

1. Enact appropriate skills, values, beliefs and attitudes
2. Demonstrate personal and social responsibility for a peaceful and sustainable world
3. Develop motivation and willingness to care for the common good

GCED এর বিবেচ্য বিষয়সমূহ

১. বুদ্ধিবৃত্তিক (Cognitive)

১. Local, national and global issues, governance systems and structures (স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পদ্ধতি ও কাঠামো)

২. Issues affecting interaction and connectedness of communities at local, national and global levels (যেসব সমস্যা স্থানীয়, জাতীয় ও আন্তজার্তিক পর্যায়ে সমন্বয়কে প্রভাবিত করে)

৩. Underlying assumptions and power dynamics (আন্তর্নিহিত ধারণা ও ক্ষমতার প্রবাহ)

২. সামাজিক-আবেগীয় (Socio-emotional)

৪. Different levels of identity (বিভিন্ন পর্যায়ের পরিচয়)

৫. Different communities people belong to and how these are connected (বিভিন্ন দলের জন্যগণ কীভাবে একসাথে থাকে ও তাদের মধ্যকার সম্পর্ক)

৬. Difference and respect for diversity (বিভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীলতা)

৩. আচরণগত (Behavioral)

৭. Actions that can be taken individually and collectively (ব্যক্তি ও সমষ্টিগতভাবে বিভিন্ন পদক্ষেপ)

৮. Ethically responsible behaviour (নৈতিক দায়শীলতা)

৯. Getting engaged and taking action (সক্রিয়ভাবে নিযুক্ত হওয়া)

বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল উদ্দেশ্য হল একটি রূপান্তরমুখী শিক্ষাব্যবস্থার প্রবর্তন করা, যা শিক্ষার্থীর জ্ঞান দক্ষতা আচরণগত পরিবর্তন আনতে সক্ষম হবে; যার মাধ্যমে সে একটি ন্যায় ও শান্তিপূর্ণ পৃথিবী তৈরিতে অবদান রাখবে। এটি এমন একটি বহুমাত্রিক শিক্ষা ব্যবস্থা, যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিষয় হতে ধারণা ও পদ্ধতি ব্যবহার করে কাজ করে। যেমন মানবাধিকার, শান্তি, টেকসই উন্নয়ন, আন্তর্জাতিক শিক্ষা ইত্যাদি হতে উপকরণ সংগ্রহ করে। এখানে জীবনব্যাপী শিক্ষা (Lifelong Learning) অনুসরণ করা হয়, যা শৈশব হতে শুরু হযে সকল শিক্ষাস্তরসমূহ জুড়ে সাবালক হওয়া পর্যন্ত চলমান থাকে এবং যা প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক পাঠ্যক্রম এবং পাঠ্যক্রমের বাইরে বাড়তি জ্ঞানার্জন: প্রচলিত ও অপ্রচলিত উভয় পদ্ধতিকেই সমান গুরুত্ব দেয়।

বিশ্ব নাগরিকত্ব শিক্ষা শিক্ষার্থীর মাঝে নিম্নোক্ত পরিবর্তন সাধন করে:

- এ শিক্ষা বিশ্ব শাসন ব্যবস্থা, নাগরিকত্ব অধিকার ও দায়িত্বশীলতা এবং বিশ্ব সমস্যার স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক কারণ সম্পর্কে ধারণা প্রদান করে;
- এর মাধ্যমে বিভিন্ন ভাষা, সংস্কৃতি, ধর্ম, জেন্ডারের মাঝে অভিন্ন মানবিক গুণাবলী অনুধাবন করা যায় এবং ভিন্নতাকে গ্রহণ করার মানসিকতা তৈরি হয়;

- এ শিক্ষা বিবেচনাধর্মী দক্ষতা (Critical skills) তৈরি করে; যেমন বিবেচনাধর্মী প্রশ্নকরণ, তথ্য প্রযুক্তিতে পারদর্শিতা, প্রচার মাধ্যমের জ্ঞান, সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা, সমস্যা নিষ্পত্তিকরণ, আপোস-আলোচনা, শান্তি প্রতিষ্ঠা, ব্যক্তিগত ও সামাজিক দায়িত্ববোধ তৈরি করে;
- এ শিক্ষা বিভিন্ন বিশ্বাস ও মূল্যবোধের পরীক্ষা-নিরীক্ষা করার মানসিকতা তৈরি করে যা বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সিদ্ধান্ত গ্রহণকে গভীরভাবে প্রভাবিত করে; যার ফলে ন্যায়বিচারের পথ প্রশস্ত হয়;
- এ শিক্ষা অন্যের প্রতি যত্নশীল, সহমর্মী এবং পরিবেশ ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল করে তোলে;
- এ শিক্ষা সততা ও ন্যায়বিচারের মূল্যবোধ এবং বিবেচনাধর্মী দক্ষতা তৈরি করে। জেন্ডারভিত্তিক, সামাজিক স্তর, সংস্কৃতি, ধর্ম, বয়সের মাঝে বৈষম্য উপলব্ধি করা যায়;
- এ শিক্ষা সমকালীন বিশ্ব সমস্যা বিষয়ে অবগত করে এবং দায়িত্বশীল সমাধানে অংশগ্রহণ করতে অনুপ্রাণিত করে;

জেন্ডারসমতা নিশ্চিতকারণ: বিশ্ব নাগরিকত্ব শিক্ষা জেন্ডার সমতা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে যা ইউনেস্কোর অন্যতম প্রাধান্যসূচক লক্ষ্য। বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল প্রতিপাদ্য বিষয় হল মানবাধিকার ও জেন্ডার সমতা নিশ্চিতকরণ। বিপরীত জেন্ডারের গ্রভি কীভাবে আচরণ ও ব্যবহার করতে হয় তা ছেলে মেয়েরা বিদ্যালয়ে এবং বাড়িতে শিখে। এ শিক্ষা এভাবে জ্ঞান বিকাশ, দক্ষতা ও আচরণগত পরিবর্তনের মাধ্যমে জেন্ডার সমতা নিশ্চিতকরণে সহায়তা করে; তরুণ-তরুণীদের মানুষ হিসেবে বিবেচনা করতে সহায়তা করে। ফলে সমাজে নির্বিশেষে জেন্ডার অসমতা দূর হয়।

বিশ্ব নাগরিকত্ব শিক্ষার বিষয়বস্তু

গ্লোবাল সিটিজেনশিপ এডুকেশন (GCED) শিক্ষার্থীদের একটি বিশ্ব নাগরিকত্ব হিসেবে গড়ে তুলতে সহায়তা করে। GCED এর বিষয়বস্তু ও থিমগুলোর মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যবোধ, জ্ঞান, দক্ষতা, এবং সচেতনতা অর্জন করতে সাহায্য করা হয়, যা একটি শান্তিপূর্ণ, টেকসই এবং ন্যায়ভিত্তিক বিশ্ব গঠনে অবদান রাখে। এখানে GCED-এর বিষয়বস্তুসহ থিমগুলো বিস্তারিত আলোচনা করা হলো:

১. মানবাধিকার শিক্ষা
শিক্ষার্থীদের মানবাধিকার সম্পর্কে সচেতনতা তৈরি করা এবং বিভিন্ন সামাজিক ন্যায়বিচারের ধারণা শেখানো। এটি তাদের নিজ অধিকার ও দায়িত্ব সম্পর্কে অবহিত করে, যেন তারা বৈষম্য এবং অন্যায়কে চ্যালেঞ্জ করতে পারে।
উদাহরণ: মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল আচরণ, সমাজে সকলের জন্য সমান অধিকার প্রতিষ্ঠার জন্য কাজ করা।

২. শান্তি ও সংঘাত নিরসন
শিক্ষার্থীদের শান্তিপূর্ণ পদ্ধতিতে সমস্যার সমাধান ও সংঘাত নিরসনের কৌশল শেখানো। এটি তাদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, বোঝাপড়া, এবং শান্তিপূর্ণ সহাবস্থানের মানসিকতা তৈরি করে।
উদাহরণ: সমস্যার সমাধানে আলোচনা ও সমঝোতা, ভিন্ন মতামতের প্রতি শ্রদ্ধাশীল থাকা।

৩. সামাজিক ন্যায়বিচার ও অন্তর্ভুক্তি
এটি শিক্ষার্থীদের সামাজিক নীতি ও ব্যবস্থায় যে সকল বৈষম্য ও অন্যায় রয়েছে, তা সম্পর্কে সচেতন করে তোলে। তারা শিখে কীভাবে সমাজের বিভিন্ন স্তরে সমান অধিকার ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা যায়। বিভিন্ন জাতি, ধর্ম, লিঙ্গ, এবং সাংস্কৃতিক পটভূমির মানুষকে সম্মান করার এবং সবার প্রতি অন্তর্ভুক্তির মানসিকতা গড়ে তোলে। শিক্ষার্থীরা বৈচিত্র্যকে শ্রদ্ধা করতে এবং বিভিন্ন প্রেক্ষাপটকে উপলব্ধি করতে শিখে।
উদাহরণ: বৈষম্যের বিরুদ্ধে কথা বলা, সাম্য প্রতিষ্ঠায় অংশ নেওয়া।

৪. পরিবেশ এবং টেকসই উন্নয়ন
টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) নিয়ে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করে। এর মধ্যে রয়েছে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা করা। শিক্ষার্থীদের পরিবেশের প্রতি দায়িত্বশীল হতে এবং টেকসই জীবনযাপন সম্পর্কে সচেতন করে তোলে। এটি পৃথিবী রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশকে সুরক্ষিত রাখার জন্য তাদের উদ্বুদ্ধ করে।
উদাহরণ: পুনর্ব্যবহার করা, প্লাস্টিকের ব্যবহার কমানো, পরিবেশ রক্ষায় সচেতনতা প্রচার করা।

৫. সাংস্কৃতিক বৈচিত্র্য এবং আন্তঃসাংস্কৃতিক বোঝাপড়া
শিক্ষার্থীদের বিভিন্ন সংস্কৃতি ও ঐতিহ্যকে সম্মান করার ধারণা তৈরি করে। তারা শিখে কীভাবে বৈচিত্র্যের মাঝে সাদৃশ্য খুঁজে পেতে হয় এবং অন্যান্য সংস্কৃতির প্রতি সম্মান প্রদর্শন করতে হয়। এটি শিক্ষার্থীদের মধ্যে আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ দক্ষতা তৈরি করে। বিভিন্ন ভাষা, রীতি-নীতি, এবং বিশ্বাসের প্রতি সহানুভূতি ও সম্মান প্রদর্শনের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।
উদাহরণ: ভিন্ন সংস্কৃতির মানুষের সাথে বন্ধুত্ব তৈরি, তাদের রীতিনীতি ও মূল্যবোধকে সম্মান করা।

৬. বৈশ্বিক ইস্যু এবং নাগরিকত্ব দায়িত্ব
শিক্ষার্থীদের দারিদ্র্য, অভিবাসন, স্বাস্থ্য, লিঙ্গ সমতা, এবং ডিজিটাল সাক্ষরতার মতো বিশ্ব ইস্যু সম্পর্কে সচেতন করা। এটি বৈশ্বিক ইস্যুগুলোর সমাধানে শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে উদ্বুদ্ধ করে। বিশ্ব নাগরিকত্ব হিসেবে নিজেদেরকে বিশ্ব সম্প্রদায়ের অংশ হিসেবে দেখার মানসিকতা তৈরি করে। শিক্ষার্থীরা বিশ্বজুড়ে শান্তি এবং সংহতি বজায় রাখার জন্য একসাথে কাজ করতে শিখে।
উদাহরণ: বিশ্বব্যাপী চলমান সামাজিক ইস্যুগুলোতে অবদান রাখা, পরিবেশ রক্ষায় স্থানীয় উদ্যোগে অংশগ্রহণ করা।

৭. ডিজিটাল সাক্ষরতা এবং বিশ্ব মিডিয়া সচেতনতা
প্রযুক্তি এবং তথ্য ব্যবস্থার ব্যাপক ব্যবহার সম্পর্কে সচেতনতা তৈরি করে। শিক্ষার্থীরা ডিজিটাল মাধ্যমগুলোতে নিরাপদ এবং দায়িত্বশীল আচরণ শিখে। বিভিন্ন ধরনের মিডিয়ার সাথে পরিচিত হয়ে শিক্ষার্থীরা বিশ্বব্যাপী যোগাযোগ এবং তথ্য ভাগাভাগির ক্ষেত্রে সমালোচনামূলক চিন্তা তৈরি করতে সক্ষম হয়।
উদাহরণ: নিরাপদ ইন্টারনেট ব্যবহার, তথ্যের সত্যতা যাচাই করে সোশ্যাল মিডিয়ায় শেয়ার করা।

৮. অর্থনৈতিক ও সামাজিক দায়িত্ব এবং নেতৃত্ব
সমাজ এবং বিশ্বের উন্নতিতে দায়িত্বশীল আচরণ এবং নেতৃত্বের গুণাবলী তৈরি করা। শিক্ষার্থীরা সমাজের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করতে আগ্রহী হয়ে ওঠে এবং বিশ্বে ইতিবাচক পরিবর্তন আনার জন্য উৎসাহিত হয়।
উদাহরণ: স্থানীয় সমস্যার সমাধানে নেতৃত্ব দেওয়া, মানুষের কল্যাণে কাজ করা।

৯. সহমর্মিতা (Empathy)
গ্লোবাল সিটিজেনশিপ এডুকেশন (GCED) এবং সহমর্মীতা (Empathy) একে অপরের সঙ্গে গভীরভাবে সম্পর্কিত দুটি ধারণা, যা একসঙ্গে শিক্ষার্থীদের একজন দায়িত্বশীল, সহমর্মী, এবং সক্রিয় বিশ্ব নাগরিকত্ব হিসেবে গড়ে তুলতে সাহায্য করে। এই দুইটির সংমিশ্রণ শিক্ষার্থীদের মধ্যে সহমর্মী আচরণ ও বিশ্ব সমস্যার প্রতি দায়িত্বশীল মনোভাব গড়ে তোলে। GCED-এর মূল লক্ষ্য হলো এমন নাগরিকত্ব তৈরি করা, যারা বিশ্ব সমস্যা সম্পর্কে সচেতন এবং যারা পৃথিবীর উন্নতিতে সক্রিয়ভাবে অবদান রাখতে আগ্রহী। এম্প্যাথি বা সহানুভূতি হলো GCED-এর একটি মৌলিক উপাদান যা শিক্ষার্থীদের অন্যের দুঃখ-কষ্ট এবং সমস্যাকে বুঝতে ও তাদের জন্য সহায়তার মনোভাব গড়ে তুলতে সহায়ক।

উদাহরণ: জলবায়ু পরিবর্তনের ক্ষতির শিকার মানুষদের প্রতি সহমর্মী হওয়া
এখানে সহানুভূতি (Empathy) এর ভূমিকা হলো, শিক্ষার্থীরা কল্পনা করতে পারে যে, এমন পরিস্থিতিতে মানুষ কেমন কষ্টে আছে। তারা তাদের দুঃখ ও সংগ্রাম বুঝতে পারে এবং সহমর্মিতা মাধ্যমে তাদের সাহায্য করার জন্য সচেষ্ট হয়। এটি তাদেরকে ক্ষতিগ্রস্ত মানুষদের প্রতি মানবিক আচরণ করতে উদ্বুদ্ধ করে এবং তাদের পুনর্বাসনে অবদান রাখতে আগ্রহী করে তোলে। যার ফলে ব্যক্তিগত পদক্ষেপ হিসেবে এই সহমর্মিতার ভিত্তিতে শিক্ষার্থীরা স্থানীয় বা বিশ্ব পরিবেশ-সংক্রান্ত উদ্যোগে অংশগ্রহণ করতে পারে, যেমন:

- বৃক্ষরোপণ করা,
- পরিবেশ সংরক্ষণ নিয়ে সচেতনতা বাড়ানো,
- পুনর্ব্যবহারযোগ্য পণ্য ব্যবহার করা,
- এবং প্লাস্টিক বর্জনের জন্য প্রচার চালানো।

এইভাবে, GCED শিক্ষার্থীদের একটি দায়িত্বশীল বিশ্ব নাগরিকত্ব হতে শেখায় এবং সহমর্মীতা (Empathy) তাদেরকে পৃথিবীর প্রতি ভালোবাসা এবং অন্যের প্রতি সহমর্মী হবার শক্তি তৈরি করে।

GCED এর এই থিম ও বিষয়বস্তু শিক্ষার্থীদের একটি অন্তর্ভুক্তিমূলক, ন্যায়চারভিত্তিক, এবং টেকসই বিশ্বের জন্য দায়িত্বশীল নাগরিকত্ব হিসেবে গড়ে তুলতে সহায়ক। এটি শিক্ষার্থীদের বিশ্ব প্রেক্ষাপটে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলে এবং তাদের সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে উদ্বুদ্ধ করে।

অংশ-খ: GCED সম্পর্কিত বিশ্ব সমস্যা, চ্যালেঞ্জ এবং সমাধান

GCED সম্পর্কিত বিশ্ব সমস্যা, চ্যালেঞ্জ ও সমাধান

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

গ্লোবাল সিটিজেনশিপ এডুকেশন (GCED) বাস্তবায়নের পথে বেশ কিছু বিশ্ব সমস্যা রয়েছে। এসব সমস্যা GCED-এর মূল লক্ষ্য অর্জনে বাধা সৃষ্টি করছে এবং শিক্ষার্থীদের মধ্যে বিশ্ব সচেতনতা, সহমর্মি, এবং দায়িত্বশীলতা তৈরি করতে চ্যালেঞ্জ হিসেবে দেখা দিচ্ছে। নিচে GCED সম্পর্কিত প্রধান বিশ্ব সমস্যাগুলো তুলে ধরা হলো:

১. জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত সংকট

জলবায়ু পরিবর্তন, বায়ু দূষণ, বন্যা, খরা, এবং প্রাকৃতিক সম্পদের অপচয় বিশ্বজুড়ে মারাত্মক পরিবেশগত সংকট তৈরি করেছে। এর ফলে বিশ্ব নাগরিকত্ব সচেতনতা জরুরি হয়ে পড়েছে। জলবায়ু সংকট বিষয়ে সচেতনতা ও দায়িত্ববোধ জাগাতে GCED-এর প্রয়োজনীয়তা রয়েছে, কিন্তু এটি অনেক অঞ্চলে অগ্রাধিকার পাচ্ছে না।

২. দারিদ্র্য ও অর্থনৈতিক বৈষম্য

বহু দেশে এখনো চরম দারিদ্র্য এবং বৈষম্যের কারণে শিক্ষার সুযোগ সীমিত। আর্থিক অভাব, খাবার এবং বিশুদ্ধ পানির অভাব শিক্ষার্থীদের জীবন ও শিক্ষার উপর মারাত্মক প্রভাব ফেলে। অর্থনৈতিক বৈষম্যের কারণে GCED-এর মত শিক্ষাক্রম ও সচেতনতা তৈরিতে চ্যালেঞ্জ সৃষ্টি হচ্ছে।

৩. শরণার্থী সংকট এবং অভিবাসন

যুদ্ধ, সংঘাত, এবং জলবায়ু পরিবর্তনের ফলে হাজার হাজার মানুষ শরণার্থী হতে বাধ্য হচ্ছে। শরণার্থী শিক্ষার্থীরা সাধারণত তাদের শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয় এবং তাদের বিশ্ব নাগরিকত্ব বিষয়ে শিক্ষার সুযোগও সীমিত থাকে, যা GCED-এর বাস্তবায়নকে কঠিন করে তোলে।

৪. যুদ্ধ ও সংঘাত

বিশ্বের অনেক অঞ্চলে যুদ্ধ ও সংঘাত চলছে, যা GCED-এর প্রধান অন্তরায়। সংঘাতপূর্ণ এলাকায় শিক্ষার্থীরা শান্তি, সহমর্মি এবং বিশ্ব সচেতনতা নিয়ে শিক্ষা গ্রহণে অসুবিধার সম্মুখীন হয়। অনেক সময় স্কুল ও শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ধ্বংস হয়ে যায়, ফলে শিক্ষার্থীদের মধ্যে সহনশীলতা ও মানবিকতা গড়ে তোলা কঠিন হয়ে দাঁড়ায়।

৫. ধর্মীয় ও সাংস্কৃতিক বৈচিত্র্য এবং সহিষ্ণুতার অভাব

বিভিন্ন সংস্কৃতি, ধর্ম, ও জাতিগোষ্ঠীর মধ্যে পার্থক্য এবং মতবিরোধ অনেক সময় সংঘাতের কারণ হয়ে দাঁড়ায়। GCED এই বৈচিত্র্যকে শ্রদ্ধা করার শিক্ষা দিলেও অনেক অঞ্চলে এই বিষয়টি নিয়ে কাজ করা চ্যালেঞ্জপূর্ণ, কারণ সাংস্কৃতিক সংঘাত অনেক সময় GCED-এর প্রচেষ্টাকে বাধাগ্রস্ত করে।

৬. ডিজিটাল বিভাজন

অনেক দেশ এবং অঞ্চলে এখনও ডিজিটাল প্রযুক্তি সহজলভ্য নয়, যা GCED এর জন্য বিশেষ চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ডিজিটাল শিক্ষার সুবিধা না থাকায় অনেক শিক্ষার্থী আধুনিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং বিশ্ব নাগরিকত্বত্বের ধারণা অর্জন করতে পারছে না।

৭. মানবাধিকার লঙ্ঘন ও সামাজিক অবিচার

বিভিন্ন দেশে মানবাধিকার লঙ্ঘন এবং সামাজিক অবিচার শিক্ষার্থীদের মধ্যে একে অপরের প্রতি সহমর্মি ও ন্যায়বিচারবোধ তৈরি করতে বাধা সৃষ্টি করছে। এর ফলে GCED শিক্ষার্থীদের ন্যায়বিচার এবং মানবিক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে যে ভূমিকা পালন করতে চায়, তা কঠিন হয়ে পড়ছে।

৮. রাজনৈতিক অস্থিরতা এবং শিক্ষানীতির অভাব

অনেক দেশে রাজনৈতিক অস্থিরতা এবং অনির্ভরযোগ্য শিক্ষানীতির কারণে GCED যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। রাজনৈতিক বাধা এবং সরকারের অগ্রাধিকার না থাকায় GCED বিষয়টি অনেক শিক্ষাব্যবস্থায় সঠিকভাবে অন্তর্ভুক্ত হয় না।

৯. শিক্ষক প্রশিক্ষণের ঘাটতি ও দক্ষতার অভাব

GCED এর সফল বাস্তবায়নের জন্য শিক্ষকরা বিশেষ প্রশিক্ষণ এবং দক্ষতা অর্জন করতে হবে, তবে অনেক দেশে শিক্ষকরা GCED সম্পর্কিত পর্যাপ্ত প্রশিক্ষণ পান না। এর ফলে শিক্ষকরা বিশ্ব নাগরিকত্ব, সহনশীলতা, এবং সামাজিক দায়িত্ববোধ শিখানোর ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হন।

১০. GCED মূল্যায়ন এবং কার্যকারিতা পরিমাপের অভাব

অনেক দেশে GCED কার্যক্রমের কার্যকারিতা এবং শিক্ষার্থীদের মধ্যে এই শিক্ষার প্রভাব মূল্যায়নের কোনও স্পষ্ট পদ্ধতি নেই। ফলে এটি বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হয় এবং এর উপকারিতা সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া কঠিন।

১১. সামাজিক মিডিয়া এবং ভুয়া তথ্যের প্রভাব

বর্তমানে সামাজিক মিডিয়ায় ভুয়া তথ্য এবং নেতিবাচক বিষয়বস্তু প্রচুর পরিমাণে ছড়াচ্ছে, যা শিক্ষার্থীদের উপর নেতিবাচক প্রভাব ফেলছে। GCED শিক্ষার্থীদের মধ্যে দায়িত্বশীল ডিজিটাল আচরণ এবং মিডিয়া সচেতনতা গড়ে তুলতে চায়, তবে ভুয়া তথ্যের কারণে এটি কঠিন হয়ে পড়েছে।

১২. সামাজিক ও সাংস্কৃতিক বাধা

GCED শিক্ষার্থীদের বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল হতে শেখায়, কিন্তু অনেক দেশের সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধের সাথে এর সামঞ্জস্যতা বজায় রাখা চ্যালেঞ্জ হতে পারে। বিশ্বজুড়ে বিভিন্ন জাতি, ধর্ম, সংস্কৃতি ও ভাষার মধ্যে বৈচিত্র্য রয়েছে, এবং এই বৈচিত্র্য সম্মিলিতভাবে GCED বাস্তবায়নের ক্ষেত্রে অনেক সময় প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

১৩. স্থানীয় শিক্ষার চাহিদা এবং বিশ্ব শিক্ষার মধ্যে সমন্বয়

GCED এর মূল উদ্দেশ্য হলো বিশ্ব নাগরিকত্বত্বের ধারণা শিক্ষার্থীদের মধ্যে গড়ে তোলা, তবে অনেক সময় এটি স্থানীয় শিক্ষা চাহিদার সঙ্গে মেলে না। অনেক দেশ তাদের নিজস্ব সাংস্কৃতিক এবং জাতীয় শিক্ষাক্রমকে বেশি গুরুত্ব দেয়, ফলে GCED এর মধ্যে স্থানীয় শিক্ষা প্রেক্ষাপটের মধ্যে সমন্বয় আনা কঠিন হয়ে পড়ে।

১৪. গ্লোবাল ইস্যু সম্পর্কে অপর্যাপ্ত সচেতনতা

বিশ্বব্যাপী সমস্যা যেমন জলবায়ু পরিবর্তন, সামাজিক বৈষম্য, মানবাধিকার লঙ্ঘন, এবং শরণার্থী সংকটের মতো গুরুত্বপূর্ণ ইস্যুগুলির প্রতি অনেক শিক্ষার্থী ও সমাজের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। GCED এই ধরনের সমস্যা মোকাবিলার জন্য শিক্ষার্থীদের সচেতন ও প্রস্তুত করতে চায়, কিন্তু এই বিষয়ে পর্যাপ্ত তাৎপর্য এবং শিক্ষার অভাব রয়েছে।

১৫. আন্তর্জাতিক সহযোগিতার অভাব

GCED এর সফল বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক সহযোগিতা জরুরি। তবে বিভিন্ন দেশের সরকারের মধ্যে সহযোগিতার অভাব, অভিন্ন নীতি না থাকা এবং সাংস্কৃতিক ভেদাবেদ GCED বাস্তবায়নে বাধা সৃষ্টি করছে।

GCED-এর মাধ্যমে একটি দায়িত্বশীল, সহনশীল এবং মানবিক বিশ্ব গড়ে তোলার প্রচেষ্টা থাকলেও, এসব বিশ্ব সমস্যা এবং চ্যালেঞ্জ এর কার্যকর বাস্তবায়নে বড় বাধা সৃষ্টি করছে। তবে এই সমস্যাগুলো মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা, শিক্ষানীতি পরিবর্তন, এবং সামাজিক সচেতনতা বাড়ানো হলে GCED-এর লক্ষ্য অর্জন করা সহজ হবে। GCED-এর উদ্দেশ্য হচ্ছে বিশ্ব নাগরিকত্ব, সহানুভূতি, ন্যায়বিচার, এবং সামাজিক দায়বদ্ধতা শিক্ষা। তবে এর সাফল্য নির্ভর করছে বিভিন্ন বিশ্ব চ্যালেঞ্জ মোকাবিলার উপর। এই চ্যালেঞ্জগুলো শুধুমাত্র স্থানীয়ভাবে নয়, বিশ্বভাবে সমাধান করা প্রয়োজন, এবং আন্তর্জাতিক সহযোগিতা ও সচেতনতা বৃদ্ধি এর গুরুত্বপূর্ণ অংশ হতে পারে।

সম্ভাব্য সমাধান

গ্লোবাল সিটিজেনশিপ এডুকেশন (GCED) এর বিশ্ব চ্যালেঞ্জসমূহ মোকাবিলার জন্য বেশ কিছু কার্যকর সমাধান গ্রহণ করা যেতে পারে। এসব সমাধান শিক্ষাব্যবস্থা, সরকার, আন্তর্জাতিক সম্প্রদায় এবং সুশীল সমাজের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে কার্যকরী করা সম্ভব। নিচে কিছু সম্ভাব্য সমাধান তুলে ধরা হলো:

১. GCED এর সফল বাস্তবায়নের জন্য শিক্ষকরা যথাযথ প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। তাই, বিভিন্ন দেশে শিক্ষকদের GCED বিষয়ক প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য যা করতে হবে তা হলো-

- বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি এবং ওয়ার্কশপ আয়োজন করা, যা শিক্ষকদের GCED সম্পর্কিত নতুন কৌশল, ধারণা, এবং উপকরণ সম্পর্কে অবহিত করবে।
- শিক্ষকদের জন্য সারা বিশ্বে ডিজিটাল প্রশিক্ষণ প্ল্যাটফর্ম তৈরি করা, যাতে তারা সহজেই সেগুলোতে অংশগ্রহণ করতে পারে।

২. রাজনৈতিক ও সরকারি সহায়তায় বিভিন্ন দেশের সরকার GCED কে তাদের জাতীয় শিক্ষানীতিতে অন্তর্ভুক্ত করার মাধ্যমে GCED এর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে পারে। যেমন:

- সরকারি নীতিতে GCED সম্পর্কিত পলিসি গ্রহণ এবং শিক্ষাব্যবস্থায় এটি কার্যকরীভাবে বাস্তবায়ন।
- আন্তর্জাতিক প্রতিষ্ঠান, যেমন UNESCO এবং UNICEF, এই ধরনের শিক্ষা ব্যবস্থার জন্য আর্থিক সহায়তা এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে পারে।

৩. বিশ্বের বিভিন্ন অঞ্চলে সাংস্কৃতিক, ধর্মীয় ও সামাজিক বৈচিত্র্য থাকলেও GCED এর মূল উদ্দেশ্য হলো মানবতার প্রতি সম্মান ও সমতা গড়ে তোলা। তাই সামাজিক ও সাংস্কৃতিক প্রতিবন্ধকতা দূরীকরণ-

- বিভিন্ন দেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা জানিয়ে GCED এর পাঠ্যক্রম ডিজাইন করা, যাতে প্রতিটি অঞ্চলের সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটের সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষা প্রদান করা যায়।
- সহানুভূতি ও সামাজিক সংহতির বিষয়ে প্রচার চালানো, যাতে সামাজিক বিভেদ কমানো যায়।

৪. অনেক দেশে অর্থনৈতিক বৈষম্যের কারণে GCED এর কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হচ্ছে না। তাই-

- শিক্ষার জন্য আন্তর্জাতিক সাহায্য এবং তহবিল প্রদান বৃদ্ধি করা, যাতে দারিদ্র্য পীড়িত এলাকায় GCED এর কার্যক্রম চালু করা সম্ভব হয়।
- উন্নত প্রযুক্তির মাধ্যমে শিক্ষাকে সহজলভ্য করা, যেমন ই-লার্নিং প্ল্যাটফর্ম, যা দূরবর্তী অঞ্চলে শিক্ষার সুযোগ সৃষ্টি করতে পারে।

৫. ডিজিটাল প্রযুক্তির অভাব কিছু অঞ্চলে GCED এর সফল বাস্তবায়নে বাধা সৃষ্টি করছে। এজন্য-

- উন্নয়নশীল দেশে ডিজিটাল প্রযুক্তি ও ইন্টারনেট সেবা পৌঁছানো, যাতে শিক্ষার্থীরা অনলাইনে GCED বিষয়ক শিক্ষা গ্রহণ করতে পারে।
- আন্তর্জাতিক সম্প্রদায়ের উদ্যোগে ডিজিটাল ডিভাইস এবং ইন্টারনেট সংযোগ বৃদ্ধির জন্য তহবিল সংগ্রহ করা।

৬. অনেক শিক্ষার্থী ভুয়া তথ্য এবং গুজবের শিকার হয়, যা GCED-এর উদ্দেশ্য বাস্তবায়নে বাধা সৃষ্টি করতে পারে। সেজন্য-

- শিক্ষার্থীদের মধ্যে তথ্য যাচাইয়ের দক্ষতা তৈরি করা, যেন তারা সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্য সঠিকভাবে যাচাই করতে পারে।
- মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয়ে ডিজিটাল মিডিয়া সাক্ষরতা বা মিডিয়া লিটারেসি শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা।

৭. বিশ্বে মানবাধিকার লঙ্ঘন ও সামাজিক অবিচার একটি বড় সমস্যা, যা GCED-এর কার্যক্রমকে বাধাগ্রস্ত করে। এক্ষেত্রে-

- আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলি GCED এর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে মানবাধিকার এবং সামাজিক ন্যায়বিচারের ধারণা প্রচার করতে পারে।
- সরকার এবং সুশীল সমাজকে একসঙ্গে কাজ করে মানবাধিকার এবং সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার জন্য বিশ্ব চাপ সৃষ্টি করতে হবে।

৮. GCED এর সফল বাস্তবায়নে আন্তর্জাতিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আর তাই-

- আন্তর্জাতিক শিক্ষা প্ল্যাটফর্ম ও প্রকল্পের মাধ্যমে GCED-এর প্রচার এবং বাস্তবায়ন উন্নয়নশীল দেশগুলোতে আরও বৃদ্ধি করতে হবে।
- GCED বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক সম্মেলন এবং ফোরামের আয়োজন করা, যাতে বিভিন্ন দেশ তাদের অভিজ্ঞতা ও সফলতার গল্প শেয়ার করতে পারে।

৯. GCED-এর উদ্দেশ্য হলো বিশ্বব্যাপী শান্তি এবং সংহতি প্রতিষ্ঠা করা, যা বর্তমানে বিশ্বে শান্তি বজায় রাখতে একটি বড় চ্যালেঞ্জ। এজন্য-

- GCED এর মাধ্যমে তরুণদের মধ্যে বিশ্বজনীন মূল্যবোধ যেমন শান্তি, সহিষ্ণুতা, এবং সমতা গড়ে তোলা।
- জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা GCED-কে শান্তি প্রতিষ্ঠার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে গ্রহণ করতে পারে।

১০. অনেক সময় স্থানীয় শিক্ষা ব্যবস্থার সাথে বিশ্ব শিক্ষার লক্ষ্যগুলির সমন্বয় করা কঠিন। আর তাই-

- GCED পাঠ্যক্রম এমনভাবে তৈরি করা যাতে এটি স্থানীয় সমাজ এবং সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, কিন্তু একই সঙ্গে বিশ্ব সমস্যাগুলি সঠিকভাবে তুলে ধরা হয়।
- স্থানীয় শিক্ষকদের সহায়তায় GCED বিষয়ক পাঠ্যক্রমের স্থানীয়করণ করা।

GCED এর বিশ্ব চ্যালেঞ্জগুলোর মোকাবিলা করতে এককভাবে কাজ করা সম্ভব নয়। এজন্য আন্তর্জাতিক সহযোগিতা, সরকারি নীতিগত সমর্থন, অর্থনৈতিক সহায়তা, এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে এই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করতে হবে। সফলভাবে এই সমস্যাগুলো সমাধান করলে, GCED পৃথিবীকে আরও শান্তিপূর্ণ, সমতাভিত্তিক, এবং সহানুভূতিশীল সমাজে পরিণত করতে সক্ষম হবে।

অংশ-গ: বিশ্ব নারগরিকত্ব শিক্ষা (GCED) এর গুরুত্ব

বিশ্ব নাগরিকত্ব শিক্ষা (GCED) এর গুরুত্ব অত্যন্ত ব্যাপক, কারণ এটি একটি বিশ্বব্যাপী সচেতন, সহমর্মি, এবং দায়িত্বশীল নাগরিকত্ব তৈরি করতে সাহায্য করে। বর্তমানে বিশ্বব্যাপী পরিবেশগত, সামাজিক, রাজনৈতিক, এবং অর্থনৈতিক চ্যালেঞ্জগুলোর মোকাবিলায় GCED একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর মাধ্যমে শিক্ষার্থীদের বিশ্ব সমস্যা, মানবাধিকারের চাহিদা, এবং সবার জন্য ন্যায়বিচারের মূল্যবোধ গড়ে তোলা হয়। গুরুত্বের ক্ষেত্রগুলো আলোচনা করা হলো:

১. সহমর্মীতা সচেতনতা ও বোঝাপড়া বৃদ্ধি

GCED শিক্ষার্থীদের বিশ্ব বিষয়গুলির সঙ্গে পরিচিত করে, যেমন জলবায়ু পরিবর্তন, সামাজিক বৈষম্য, মানবাধিকার, এবং শরণার্থী সংকট। এর মাধ্যমে তারা শুধু তাদের নিজস্ব দেশে নয়, বিশ্বের অন্যান্য অংশে ঘটমান সমস্যাগুলি বুঝতে এবং সেসব বিষয়ে সচেতন হতে শেখে।

২. সহমর্মি এবং সহিষ্ণুতা গড়ে তোলা

GCED শিক্ষার্থীদের মধ্যে সহমর্মি, সহিষ্ণুতা, এবং সংহতির মতো মানবিক গুণাবলী তৈরি করতে সহায়তা করে। এটি তাদের বিভিন্ন জাতি, ধর্ম, সংস্কৃতি, এবং জাতিগত প্রেক্ষাপটের প্রতি শ্রদ্ধা জানাতে শিখায় এবং বিশ্ব স্তরে শান্তি ও সম্পর্কের উন্নতি ঘটাতে সাহায্য করে।

৩. নেতৃত্ব গড়ে তোলা

GCED শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের গুণাবলী বিকাশে সহায়তা করে, যাতে তারা নিজেদের সম্প্রদায় এবং বিশ্বজুড়ে দায়িত্বশীল নেতৃত্ব প্রদান করতে সক্ষম হয়। তারা আরও ভাল সিদ্ধান্ত নিতে এবং সামাজিক পরিবর্তন ঘটাতে সক্ষম হয়, যা বিশ্বব্যাপী ন্যায়বিচার এবং সমতা প্রতিষ্ঠার জন্য জরুরি।

৪. বিশ্বজনীন মূল্যবোধ প্রচার

GCED শিক্ষার্থীদের ন্যায়বিচার, সমতা, মানবাধিকার, এবং সামাজিক দায়িত্বের মতো বিশ্ব মূল্যবোধ সম্পর্কে শিক্ষা দেয়। এটি তাদের সম্মান, মানবিক অধিকার, এবং পরিবেশের প্রতি দায়িত্বশীল আচরণ করার জন্য উদ্বুদ্ধ করে।

৫. বিশ্ববাজারে দক্ষতা তৈরি

এটি শিক্ষার্থীদের বিশ্ব অর্থনীতি এবং আন্তর্জাতিক সম্পর্কের বিষয়ে ধারণা দেয়। যে শিক্ষার্থীরা GCED শিক্ষা গ্রহণ করে, তারা বিশ্ব সমস্যাগুলোর সমাধান করতে এবং আন্তর্জাতিক সহযোগিতায় কাজ করতে আরও প্রস্তুত থাকে। এটি কর্মক্ষেত্রে একাধিক সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি এবং সহযোগিতার মাধ্যমে দক্ষতা তৈরি করে।

৬. বিশ্ব সমস্যাগুলি মোকাবিলার জন্য প্রস্তুতি

GCED শিক্ষার্থীদের সামাজিক, রাজনৈতিক এবং পরিবেশগত সমস্যাগুলি মোকাবিলার জন্য প্রস্তুত করে। এটি তাদের ন্যায়বিচার প্রতিষ্ঠা, সামাজিক পরিবর্তন এবং শাসনব্যবস্থায় উন্নতির জন্য প্রেরণা যোগায়।

৭. জলবায়ু পরিবর্তন এবং পরিবেশের সচেতনতা

বিশ্বজুড়ে পরিবেশগত সংকট এবং জলবায়ু পরিবর্তনের সঙ্গে জড়িত সমস্যাগুলি মোকাবেলায় GCED একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি শিক্ষার্থীদের পরিবেশ সম্পর্কে সচেতন করে তোলে এবং তাদের মধ্যে টেকসই উন্নয়ন এবং পরিবেশ রক্ষায় দায়িত্বশীলতা গড়ে তোলে।

৮. সহযোগিতা এবং বিশ্ব সংহতি

GCED আন্তর্জাতিক সম্পর্কের উন্নতি ঘটায় এবং শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও বিশ্ব সংহতি গড়ে তোলে। এর মাধ্যমে তারা একে অপরের প্রতি শ্রদ্ধা জানাতে শেখে, যাতে বিশ্ব শান্তি এবং স্থিতিশীলতা অর্জন সম্ভব হয়।

৯. দায়িত্বশীল নাগরিকত্ব তৈরি

GCED শিক্ষার্থীদের ন্যায়বিচার, সামাজিক দায়িত্ব, এবং সহানুভূতির মতো গুরুত্বপূর্ণ গুণাবলী শেখায়, যাতে তারা শুধুমাত্র নিজের সমাজের নয়, বরং পুরো বিশ্বের একটি দায়িত্বশীল নাগরিকত্ব হিসেবে কাজ করতে পারে। তারা আরও সচেতন, মানবিক, এবং আন্তর্জাতিক সচেতন নাগরিকত্ব হয়ে ওঠে।

১০. বিশ্বব্যাপী শান্তি এবং স্থিতিশীলতা প্রতিষ্ঠা

GCED শিক্ষার্থীদের মধ্যে শান্তি, সংহতি এবং সহনশীলতা গড়ে তোলে, যা বিশ্ব শান্তি ও স্থিতিশীলতার জন্য গুরুত্বপূর্ণ। এটি আন্তর্জাতিক অস্থিরতা, সহিংসতা, এবং সংঘাত মোকাবিলায় সহায়ক।

GCED একটি শক্তিশালী শিক্ষা প্রক্রিয়া যা শিক্ষার্থীদের মধ্যে বিশ্ব নাগরিকত্বত্বের মূল্যবোধ এবং সামাজিক দায়িত্বশীলতা তৈরি করতে সহায়ক। এটি তাদের এমন দক্ষতা প্রদান করে, যা শুধুমাত্র তাদের ব্যক্তিগত জীবনে নয়, বরং বিশ্ব স্তরে মানুষের মধ্যে সম্পর্ক স্থাপন এবং মানবিক সমস্যাগুলি সমাধান করতে সহায়ক। বিশ্ব চ্যালেঞ্জ মোকাবিলায় GCED শিক্ষা একটি অপরিহার্য উপাদান হিসেবে বিবেচিত হচ্ছে।

অধিবেশন-৩	বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিম

শিখনফল: এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

ক। বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ ব্যাখ্যা করতে পারবেন;

খ। বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ডোমেইন এর সাথে থিমসমূহের সম্পর্ক স্থাপন করতে পারবেন।

সময়: ১ ঘন্টা ৩০ মিনিট

পদ্ধতি ও কৌশল: দলগত কাজ, একক কাজ, আলোচনা

উপকরণ: ভিডিও, ছক, তথ্যপত্র

অংশ-ক	বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ	সময়- ৫০ মিনিট

১। অধিবেশনের শুরুতে সবাইকে শুভেচ্ছা জানান এবং নিরাপদ শিখন সহায়ক পরিবেশ তৈরি করুন।

২। পূর্ববর্তী অধিবেশনে অংশগ্রহণকারীগণ বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ধারণা পেয়েছেন। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন- বিশ্ব নাগরিকত্ব শিক্ষা বলতে আপনারা কী বুঝেছেন? কয়েকজনের উত্তর শুনুন। এরপর প্রশ্ন করুন- বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ কী কী? অংশগ্রহণকারীদের উত্তর শুনুন এবং থিমসমূহ বোর্ডে লিখুন।

৩। প্রশ্ন করুন- থিমসমূহ বিশ্ব নাগরিকত্ব শিক্ষার সাথে কীভাবে সম্পর্কিত? অংশগ্রহণকারীদের ৫টি দলে বিভক্ত করুন। দলসমূহকে নিম্নোক্ত ভাগ অনুযায়ী উল্লিখিত প্রশ্নের আলোকে আলোচনা করতে বলুন।

- ১ম দলঃ মানবাধিকার, সামাজিক ন্যায়বিচার ও সমতা, টেকসই উন্নয়ন
- ২য় দলঃ শান্তি প্রতিষ্ঠা, ভিন্ন সাংস্কৃতিক রীতিনীতি ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল হওয়া
- ৩য় দলঃ সমস্যা সমাধান দক্ষতা, সূক্ষ্ম চিন্তন দক্ষতা, সহনশীলতা
- ৪র্থ দলঃ যোগাযোগ, একীভূততা, সহমর্মিতা
- ৫ম দলঃ পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন, সম্পদের সুষ্ঠু ব্যবহার

৪। দলীয় কাজ উপস্থাপন করতে বলুন। প্রতিটি থিম উপস্থাপনের সময় অন্যদের মতামত দিয়ে আলোচনায় অংশগ্রহণ করতে বলুন। নিজেও প্রয়োজনীয় সংযোজন করুন। প্রযোজ্য ক্ষেত্রে সরবরাহকৃত ভিডিও প্রদর্শন করুন।

৫। থিমসমূহ কীভাবে বিশ্ব নাগরিকত্ব তৈরিতে সহায়তা করবে কিনা তা জিজ্ঞেস করুন এবং আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।

অংশ-খ	বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ডোমেইন এর সাথে থিমসমূহের সম্পর্ক	সময়- ৩০ মিনিট

১। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন- বিশ্ব নাগরিকত্ব শিক্ষার ডোমেইন কয়টি ও কী কী? কয়েকজনের উত্তর শুনুন এবং ডোমেইনসমূহ বোর্ডে লিখুন।

২। বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ কোনটি কোন ডোমেইন উন্নয়নে সহায়ক হবে তা এককভাবে চিন্তা করে নিচের ছকটি পূরণ করতে বলুন। প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিতে বলুন। একাধিক ঘরে টিক চিহ্ন হতে পারে।

থিমসমূহ	বুদ্ধিবৃত্তিক	সামাজিক-আবেগীয়	আচরণগত

৩। অংশগ্রহণকারীদের উত্তর শুনুন এবং ছক পূরণ করে বোর্ডে লিখুন।

অংশ-গ	সার-সংক্ষেপকরণ এবং সমাপ্তি	সময়- ১০ মিনিট

১। প্রশ্ন করুন-

ক। বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ কী কী?

খ। থিমসমূহ কোন কোন ডোমেইন এর সাথে সম্পর্কিত?

২। এই অধিবেশন থেকে অংশগ্রহণকারীবৃন্দ কী শিখল তা জিজ্ঞেস করুন এবং সারসংক্ষেপ করে অধিবেশন সমাপ্ত করুন।

সহায়ক তথ্য	অধিবেশন-৩: বিশ্ব নাগরিকত্ব শিক্ষার মূল থিম

বিশ্ব নাগরিকত্ব শিক্ষার থিমসমূহ

১. মানবাধিকার
২. সামাজিক ন্যায়বিচার ও সমতা
৩. টেকসই উন্নয়ন
৪. শান্তি প্রতিষ্ঠা
৫. সহমর্মিতা
৬. ভিন্ন সাংস্কৃতিক রীতিনীতি ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল হওয়া
